

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বঃঅধিঃ/বাজেট/বিজ্ঞপ্তি/২০২৩-২০২৪/ ৫১০৪

তারিখ : ০৫/০৫/২০২৩

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তর ও তার নিয়ন্ত্রনাধীন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে (গ্রেড-১১ হতে ১৭) নিয়োগ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য অর্থনৈতিক কোড ৩২১১১৩৫ (নিয়োগ পরিক্ষা) এর বিপরীতে বাজেট বরাদ্দের চাহিদা/বরাদ্দসহ অগ্রীম মঞ্জুরীর প্রস্তাবনা প্রেরণ প্রসংগে।

সূত্রঃক) স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৫.০০.০০০০০.১৪০.১১.০০৩.২৩.৯১, তারিখঃ ১০ জানুয়ারী ২০২৩ ইং।

খ) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০২১.২০.৩৮ তারিখঃ ১৩/ ফেব্রুয়ারী/২০২২

স্বাস্থ্য অধিদপ্তর ও তার নিয়ন্ত্রনাধীন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে জানানো যাইতেছে যে, তাঁহারা তাহাদের স্ব-স্ব প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদে জনবল নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সকল কাগজপত্রসহ ০২ (দুই) সেট আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। প্রশাসন শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জনবল নিয়োগের ছাড়পত্র (ছাড়কৃত পদের নাম, সংখ্যা ও গ্রেড উল্লেখসহ)।

০২। প্রশাসন-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.২৫.০০১.২৩.১২৯৩, তাং- ২৮ মে ২০২৩ ইং মোতাবেক গঠিত নিয়োগ কমিটি ও উক্ত কমিটি কর্তৃক নিয়োগ সংক্রান্ত রেজুলেশন।

০৩। টেলিটক অথবা তদুপ অনুমোদিত ব্যবস্থার মাধ্যমে আবেদনপত্র গ্রহণের প্রমানকসহ আবেদনপত্রের বিপরীতে গৃহীত সমুদয় অর্থ চালানের মাধ্যমে জমা প্রদানের চালান কপি।

০৪। নিয়োগ সংক্রান্ত বিস্তারিত কর্মপরিকল্পনার (work plan) এবং উক্ত পরিকল্পনা মোতাবেক বিভাজনসহ সম্ভাব্য স্বয়ের হিসাব বিবরণী।

০৫। সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক কোডের বাজেট বইয়ের কপি এবং iBAS++ রিপোর্ট (রিপোর্ট গ্রহণের তারিখ ও সময় উল্লেখসহ)।

০৬। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ: আ: অতিরিক্ত সচিব (বাজেট) স্বাস্থ্য সেবা বিভাগ) যথাযথ কর্তৃপক্ষ এর মাধ্যমে প্রেরিত সম্পূর্ণ প্রস্তাবনা।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমাগুসারে নহে)

১। পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।

২। সিভিল সার্জন (সকল)।

(ডাঃ ফরিদা ইয়াসমিন)

পরিচালক (অর্থ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমাগুসারে নহে):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃ: আ: (সহকারী পরিচালক সমন্বয়)।

২। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। পরিচালক (এমআইএস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (অত্র আদেশটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৪। উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।